গয়েশপুর ইউনিয়নে মোতাই বিনা প্রতিদ্বন্দিতায় চেয়ারম্যান নির্বাচিত

মোতাহার হোসেন মোতাই

শহর প্রতিনিধি: গয়েশপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিনা প্রতিদ্বন্দিতায় চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন মোতাহার হোসেন মোতাই।

বৃহস্পতিবার (১৯ মে) মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন সকল প্রার্থী তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিলে তিনি বিনা প্রতিদ্বন্দিতায় চেয়ারম্যান নির্বাচিত হন।

উল্লেখ্য, আগামী ৪ জুন গয়েশপুর ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠিত হবে। এদিকে মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন ছিলো বৃহস্পতিবার (১৯ মে)। এদিন প্রতিদ্বন্দি অপর প্রার্থীরা তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিলে বিনা প্রতিদ্বন্দিতায় মোতাহার হোসেন মোতাই চেয়ারম্যান নির্বাচিত হন।

প্রতিদ্বন্দি অপর প্রার্থীরা ছিলেন, আব্দুল আলিম ও বাদশা। এদিকে অন্যান্য প্রার্থীরা তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করে নেওয়ায় একক প্রার্থী হিসাবে চেয়ারম্যান নির্বাচিত হন তিনি।